

আমাদের সময়

তারিখ: 15 DEC. 2015...
দৃষ্টা: ... কলাম: ...

শিক্ষা মন্ত্রণালয়ে
যোগদান করলেন
সোহরাব হোসাইন
নিজস্ব প্রতিবেদক •
শিক্ষা মন্ত্রণালয়ের সচিব হিসেবে
যোগদান করলেন মো. সোহরাব
হোসাইন। এ উপলক্ষে গতকাল শিক্ষা
মন্ত্রণালয়ের সভাকক্ষে এক অনুষ্ঠানের
আয়োজন করা হয়। এতে উপস্থিত
ছিলেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব,
যুগ্ম সচিবসহ সর্বস্তরের কর্মকর্তা-
কর্মচারী। উল্লেখ্য, মো. সোহরাব
হোসাইন শিক্ষা সচিব হিসেবে
যোগদানের পূর্বে বিসিএস প্রশাসন
একাডেমির রেটর হিসেবে দায়িত্ব
পালন করছিলেন।
শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ
অনুষ্ঠানে ফুল দিয়ে নবনিযুক্ত সচিবকে
স্বাগত জানান। মন্ত্রণালয়ের বিভিন্ন
অধিদপ্তরের পক্ষ থেকেও নতুন শিক্ষা
সচিবকে শুভেচ্ছা জানানো হয়।